

## 💵 সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৫৮২

৩৫/ সুন্নাহ (كتاب السنة)

পরিচ্ছেদঃ ৯. খিলাফাত সম্পর্কে।

باب فِي الْخُلَفَاءِ

## আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عُبَيْدٍ، أَنَّ مُحَمَّدَ بْنَ ثَوْرٍ، حَدَّثَهُمْ عَنْ مَعْمَرٍ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ عُرُوةَ بْنِ الْمُسْوَرِ بْنِ مَخْرَمَةَ، قَالَ خَرَجَ النَّبِيُّ صلى الله عليه وسلم زَمَنَ الْحُدَيْبِيَةِ الزُّبَيْرِ، عَنِ الْمِسْوَرِ بْنِ مَخْرَمَةَ، قَالَ خَرَجَ النَّبِيُّ صلى الله عليه وسلم زَمَنَ الْحُدَيْبِيةِ فَذَكَرَ الْحَدِيثَ . قَالَ فَأَتَاهُ \_ يَعْنِي عُرْوَةَ بْنُ مَسْعُود \_ فَجَعَلَ يُكَلِّمُ النَّبِيَّ صلى الله عليه وسلم فَكُلَّمَا كَلَّمَهُ أَخَذَ بِلِحْيَتِهِ وَالْمُغِيرَةُ بْنُ شُعْبَةَ قَائِمٌ عَلَى رَأْسِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَمَعَهُ السَّيْفُ وَعَلَيْهِ الْمِغْفَرُ فَصْرَبَ يَدَهُ بِنَعْلِ السَّيْفِ وَقَالَ أَخِرْ يَدَكَ عَنْ لِحْيَتِهِ وَالْمُغِيرَةُ بْنُ شُعْبَةَ وَاللهَ عُلْهُ السَّيْفُ وَقَالَ أَخِرْ يَدَكَ عَنْ لِحْيَتِهِ . فَرَفَعَ عُرُوةُ رَأْسَهُ فَقَالَ مَنْ هَذَا قَالُوا الْمُغِيرَةُ بْنُ شُعْبَةَ .

## বাংলা

৪৫৮২. মুহাম্মদ ইবন উবায়দ (রহঃ) .... মিসওর ইবন মাখরামা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হুদায়বিয়ার সন্ধি স্থানে গমন করেন। এরপর তিনি হাদীছ বর্ণনা প্রসংগে বলেনঃ তখন সেখানে উরওয়া ইবন মাসউদ (রাঃ) এসে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে কথা-বার্তা বলতে থাকেন এবং মহব্বতের কারণে তাঁর দাঁড়ি মুবারকে হাত দিতে থাকেন। (এটা ছিল তৎকালীন আরবের প্রচলিত রীতি।)

এ সময় মুগীরা ইবন শু'বা (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর পাশে দাঁড়িয়ে ছিলেন এবং তার হাতে ছিল তলোয়ার এবং মাথায় ছিল লৌহ শিরস্রাণ। তিনি উরওয়ার হাতে তরবারির খোঁচা দিয়ে বলেনঃ তুমি তোমার হাতকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর দাঁড়ি থেকে দূরে সরিয়ে নেও। তখন উরওয়া মাথা তুলে জিজ্ঞাসা করেনঃ এ লোকটি কে? সাহাবীগণ বলেনঃ ইনি হলেন মুগীরা ইবন শু'বা (রাঃ)।

## **English**

Al-Miswar b. Makhramah said:



The prophet (ﷺ) went out during the time of (treaty of) al-Hudaibiyyah. He then mentioned the rest of the tradition. He said: 'Urwah b. Mas'ud then came to him and began to speak to the Prophet (ﷺ). Whenever he talk to him, he caught his beard; and al-Mughirah b. Shu'bah was standing near the head of the Prophet (ﷺ) with a sword with him and a helmet on him. He then struck his hand with the handle of the sword, saying: Keep away your hand from his beard. 'Urwah then raised his head and said: Who is this? The prophet said: Al-Mughirah b. Shu'bah.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ মিসওয়ার ইবনু মাখরামাহ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন